তারিখ ... 12 AUG 2016 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬ ...

যুগান্তর

টিআইবি-ডিইউডিএস জাতীয় স্কুল বিতর্ক প্রতিযোগিতা

# জঙ্গিবাদ ও দুর্নীতি রুখে দিতে তরুণদের প্রত্যয়

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

জঙ্গিবাদ ও দুর্নীতি রুখে দেয়ার প্রত্যয় নিয়ে শেষ হল দুই দিনব্যাপী টিআইবি-ডিইউডিএস জাতীয় স্কুল বিতর্ক প্রতিযোগিতা। আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে 'দুর্জয় তারুণ্য-দুর্নীতির বিরুদ্ধে একসাথে' প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে প্রতিযোগিতার আয়োজন করা হয়। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ও ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (ডিইউডিএস) যৌথভাবে অনুষ্ঠানের আয়োজন করে।

বৃহস্পতিবার বিকালে সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাবি ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। উপস্থিত ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও টিআইবির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন অ্যাডভোকেট সুলতানা কামাল, টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, ডিইউডিএসের মডারেটর অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ঢাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক রোবায়েত ফেরদৌস, ডিইউডিএসের সাবেক সভাপতি সৈয়দ আশিক ও শামিমা আক্তার জাহান পপি প্রমুখ। ডিইউডিএসের সাধারণ সম্পাদক মাজহারুল কবির শয়নের পরিচালনায় এতে সভাপতিত্ব করেন ডিইউডিএসের সভাপতি রায়হার সানন। আয়োজনের সমাপনী দিন সারা দেশের বিভিন্ন স্কুল থেকে অংশ নেয়া শিক্ষার্থীদের মধ্য থেকে বারোয়ারি বিতর্কের মাধ্যমে প্রথম দিনের প্রতিযোগিতায় নির্বাচিত সেরা ২৮ জন বিতার্কিক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় অংশ নেন। 'শিক্ষা ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে শিক্ষার্থীদের নৈতিকতা ও মানবিক মূল্যবোধ জাগরণে কার্যকর উদ্যোগ গ্রহণ প্রস্তাব-২০১৬'-এর ওপর ছায়া সংসদ বিতর্ক হয়। দ্বিতীয় অধিবেশনে 'বাংলাদেশে দুর্নীতি প্রতিরোধে সামাজিক আন্দোলনের উদ্যোগ গ্রহণ প্রস্তাব-২০১৬' প্রস্তাবনার ওপর সংসদীয় বিতর্ক অনুষ্ঠিত হয়। দুটি পর্বে বিচারকের দায়িত্ব পালন করেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন বিতার্কিক ও শিক্ষকরা।

বিকাল সাড়ে ৫টায় সমাপনী পর্বে চূড়ান্ত ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এতে সেরা বিতার্কিক হিসেবে নির্বাচিত হন উদয়ন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী দেবাশীষ বিশ্বাস। দ্বিতীয় ও তৃতীয় সেরা হিসেবে নির্বাচিত হন যথাক্রমে আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের রেদওয়ানুল ইসলাম এবং শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজের ফারহানা আমিন রিপা। প্রথম দিনে গ্রুপ পর্যায়ের বারোয়ারি বিতর্কে শ্রেষ্ঠ বক্তা হিসেবে নির্বাচিত হন ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের অদিতি বৈরাগী, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের রেদওয়ানুল ইসলাম, গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুলের শাহ আদানউজ্জামান ও ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের শিমি আফসারা। ১২ আগস্ট আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে দু'দিনব্যাপী এ আয়োজনে টিএসসি প্রাঙ্গণে দু'দিনব্যাপী প্রদর্শিত হয় দুর্নীতিবিরোধী কার্টুন। এছাড়া ১০ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি প্রাঙ্গণে আয়োজন করা হয় দুর্নীতিবিরোধী নাটক এবং মানববন্ধন।